

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ/ ১৮ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নম্বর: ২৭৪-আইন/২০২৪।—সরকার The Commission of Inquiry Act, 1956 এর section 3 এ প্রদত্ত ক্ষমতাবলে গত ১৬ জুলাই ২০২৪ তারিখে দেশের বিভিন্ন স্থানে সংঘটিত ঘটনায় ০৬ (ছয়) জন নিহত হওয়া এবং সাম্প্রতিক সময়ে সংঘটিত সহিংসতা, অগ্নিসংযোগ, লুটপাট ও সন্ত্রাসী কর্মকাণ্ডের ঘটনা তদন্তের জন্য নিম্নবর্ণিত ০১ (এক) সদস্য-বিশিষ্ট তদন্ত কমিশন গঠন করিল:—

(১) বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামান, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

০২। কমিশনের কার্যপরিধি:—

(ক) গত ১৬ জুলাই ২০২৪ তারিখে নিহত ০৬ (ছয়) জন ব্যক্তির মৃত্যুর কারণ উদঘাটন ও তাহাদের মৃত্যুর জন্য দায়ী ব্যক্তিবর্গকে চিহ্নিতকরণ; এবং

(খ) সাম্প্রতিক সময়ে সংঘটিত সহিংসতা, অগ্নিসংযোগ, লুটপাট ও সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য দায়ী ব্যক্তিবর্গকে চিহ্নিতকরণ।

০৩। কমিশন The Commission of Inquiry Act, 1956 অনুসারে তদন্তকার্য সম্পন্ন করিয়া আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করিবে।

০৪। মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিট কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

০৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

মো: মাহবুব হোসেন

মন্ত্রিপরিষদ সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২২৩৭১)

মূল্য : টাকা ৪.০০